



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়,
৮, ডিআইটি অ্যাভিনিউ, বিএসবি ভবন (১৩ তলা)
ঢাকা-১০০০।
দরপত্র বিজ্ঞপ্তি

তারিখঃ- ২০.০৫.২০১০ইং

দরপত্র নং- ১৯/২০০৯-১০

“পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮” অনুযায়ী সংশ্লিষ্ট টেন্ডার ডকুমেন্টে বর্ণিত শর্ত ও স্পেসিফিকেশনের কাঠের ও স্টীলের তৈরী আসবাবপত্র সরবরাহের জন্য খ্যাতনামা ও পর্যাপ্ত পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন আসবাবপত্র নির্মাতা ও সরবরাহকারী প্রতিষ্ঠানের (যাদের কাঠের ও স্টীলের তৈরী মানসম্মত আসবাবপত্র নির্মাণের ওয়ার্কশপ রয়েছে) নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের বিস্তারিত বর্ণনা নিম্নরূপঃ

- ০১। সামগ্রীর নাম : কর্পোরেশনের ইইএফ ডিভিশনের জন্য বিভিন্ন প্রকার কাঠের ও স্টীলের তৈরী আসবাবপত্র সরবরাহকরণ
- ০২। অর্ধের উৎস : নিজস্ব।
- ০৩। মালামাল সরবরাহের সময় : নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদানের তারিখ হতে সর্বোচ্চ ২০(বিশ) কার্য দিবস।
- ০৪। দরদাতার যোগ্যতা : দরপত্র তফসিলের সাথে সংযুক্ত নির্ধারিত স্পেসিফিকেশনের আসবাবপত্র (কাঠের ও স্টীলের তৈরী) সরবরাহ করার জন্য আর্থিকভাবে সচ্ছল ও সংশ্লিষ্ট আসবাবপত্র তৈরী ও সরবরাহে সুনামের অধিকারী ৫(পাঁচ) বছরের পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন সুপ্রতিষ্ঠিত প্রস্তুতকারী, সরবরাহকারী, ইনটেরিয়র ডেকোরেটর ও স্থপতি প্রতিষ্ঠান, যাদের আলোচ্য সামগ্রী উৎপাদন সংশ্লিষ্ট নিজস্ব কারখানাসহ কার্যক্ষম যন্ত্রপাতি ও দক্ষ লোকবল সম্বলিত প্রয়োজনীয় অবকাঠামো থাকতে হবে।
- ০৫। টেন্ডার ডকুমেন্টের মূল্য : প্রতি সেট নগদে ১,০০০/(এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।
- ০৬। দরপত্রের নিরাপত্তা জামানত : ২০,০০০.০০(বিশ হাজার) টাকা পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে (ফেরতযোগ্য)।
- ০৭। দরপত্র বিক্রয়, দাখিল ও খোলার স্থান : ইন্স্টাবলিশমেন্ট ডিপার্টমেন্ট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, বিএসবি ভবন (১৩ তলা) ৮, ডিআইটি অ্যাভিনিউ, ঢাকা।
- ০৮। টেন্ডার ডকুমেন্ট বিক্রয়ের শেষ তারিখ : ০৬ জুন, ২০১০(অফিস চলাকালীন সময় পর্যন্ত)
- ০৯। দরপত্র দাখিলের তারিখ ও সময় : ০৭ জুন, ২০১০ সকাল ১১.০০ ঘটিকা।
- ১০। দরপত্র খোলার তারিখ ও সময় : ০৭ জুন, ২০১০ সকাল ১১.৩০ ঘটিকা।
- ১১। বিশেষ নির্দেশনা : ১. কর্তৃপক্ষ টেন্ডার ডকুমেন্টে উল্লেখিত আসবাবপত্রের পরিমাণ কম-বেশী করে যোগ্য দরদাতাকে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদানের অধিকার সংরক্ষণ করে ;
২. কর্তৃপক্ষ দরপত্র খোলার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র তফসীলের যে কোন শর্ত পরিবর্তন/ সংশোধন/সম্মিবেশকরণ এবং যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বিঃদ্রঃ অনিবার্য কারণবশতঃ নির্ধারিত দিনে দরপত্র দাখিল ও খোলা সম্ভব না হলে পরবর্তী কার্য দিবস দরপত্র দাখিল ও খোলার তারিখ হিসাবে গণ্য হবে।

মোঃ হামিদুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক
ইন্স্টাবলিশমেন্ট ডিপার্টমেন্ট
ফোন নং- ৭১৬২৯১১